সে জাহান্নামী! লোকেরা তাকে দেখতে গেল আর তারা একটি আবা (বড় জামা) পেল যা সে আত্মসাৎ করেছিল।

‘আবদুল্লাহ ইবন ‘আমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আসবাব-পত্রের দায়িত্বে এক ব্যক্তি নিযুক্ত ছিল। তাকে কিরকিরাহ নামে ডাকা হত। সে মারা গেল। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সে জাহান্নামী! লোকেরা তাকে দেখতে গেল আর তারা একটি আবা (বড় জামা) পেল যা সে আত্মসাৎ করেছিল।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জিনিস-পত্রের দায়িত্বে একজন লোক ছিল যাকে কিরকিরা নামে ডাকা হত। সে মারা গেলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সে জাহান্নামে তাকে তার পাপের কারণে শাস্তি দেওয়া হচ্ছে অথবা (তিনি বলেছেন) যদি আল্লাহ তার পাপ মোচন না করেন তাহলে সে জাহান্নামী। অতঃপর সাহাবায়ে কেরাম এর কারণ অনসন্ধানে বের হয়ে তারা একটি আবা পেল যা সে গণীমতের মাল থেকে চুরি করেছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/4945